দৈনিক ইনকিলাব

JUL 1 4 1999

পৃঃ ৫ কলাম ৭

### বিভিন্ন দল ও সংগঠনের নিন্দা অব্যাহত

# মাদ্রাসাবিরোধী চক্রান্ত বন্ধ না হলে বৃহত্তর আন্দোলন ঘোষণা করা হবে

ইনকিলাব রিপোর্ট ঃ মাদ্রাসা শিক্ষা বন্ধ করার লক্ষ্যে সরকার যে সব হীনপদক্ষেপ নিয়েছে, তার বিরুদ্ধে দেশের বিভিন্ন দল ও সংগঠনের পক্ষ থেকে তীব্র নিন্দা ও প্রতিবাদ জ্ঞাপন অব্যাহত রয়েছে। এসব দল ও সংগঠনের নেতৃবৃন্দ বলেছেন, মাদ্রাসা বিরোধী চক্রান্ত বন্ধ না হলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হবে।

বাংলাদেশ ইসলামিক পার্টির সভাপতি ডাঃ ক্যাপটেন (অবঃ) আব্দুল বাছেত সেক্রেটারী জেনারেল এডভোকেট আব্দুল মোবিন এক যুক্ত বিবৃতিতে বলেন, মাদ্রাসা বন্ধসহ ইসলামী অনুশাসনের বিরুদ্ধে বর্তমান সরকারের বহুমুখী চক্রান্ত ও ষড়যন্ত্র দেশের তৌহিদী জনতার হৃদয়ে চরম আঘাত দিয়েছে। অলি-আউলিয়া, পীর-মাশায়েখ ও বুজর্গানে দ্বীনের দেশে মাদ্রাসা শিক্ষা বন্ধের চক্রান্ত জনগণ কখনো মেনে নেবে না। বিবৃতিতে তাঁরা আগামী ১৬ জুলাই দেশব্যাপী মাদ্রাসা শিক্ষা বন্ধের প্রতিবাদে বিরোধী দল ঘোষিত বিক্ষোভ মিছিলকে সফল করার জন্য দলমত নির্বিশেষে সকলের প্রতি উদাত্ত আহবান জানান।

নীলফামারী জেলা সংবাদদাতা জানান, বিশ্বের দ্বিতীয় বৃহত্তম মুসলিম রাষ্ট্র বাংলাদেশের মাদ্রাসা শিক্ষা তথা ধর্মীয় শিক্ষা বন্ধের বর্তমান সরকারের বিভিন্ন ধরনের ষড়যন্ত্রের বিরুদ্ধে তীব্র ক্ষোভ ও নিন্দা জানিয়ে গত ১১ জুলাই নীলফামারী আলিয়া মাদ্রাসার সম্মেলন কক্ষে মাদ্রাসা প্রধানদের এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। জমিয়াতুল মোদার্রেছীন নীলফামারী সদর [illegible] শাখা আয়োজিত জরুরী সভায় সভাপতিত্ব করেন টুপামারী ফাজিল মাদ্রাসার প্রিন্সিপাল দেওয়ান মিজানুর রহমান। সভায় ইসলামী শিক্ষার প্রাণকেন্দ্র মাদ্রাসাগুলোকে বন্ধ করে দেয়ার চক্রান্তের প্রতিবাদ জানিয়ে বক্তৃতা করেন প্রিন্সিপাল মাওলানা একরামুল হক, প্রিন্সিপাল মাওলানা মমতাজউদ্দিন, সুপার মাওলানা আলতাব হোসেন, সুপার মাওলানা আব্দুল আজিজ ও সুপার মাওলানা সাবেদ আলী প্রমুখ। বক্তারা মাদ্রাসা শিক্ষা তথা ধর্মীয় শিক্ষার গুরুত্ব আরোপ করে বলেন, প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রী বলেছিলেন, দেশের একটিও মাদ্রাসা বন্ধ হবে না, অথচ মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের গভীর ষড়যন্ত্র ও চক্রান্ত চলছে। এ চক্রান্ত বন্ধ না হলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হবে বলে বক্তারা জানান।

যশোর অফিস জানায়, গতকাল সোমবার মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহবান জানিয়েছেন যশোর আঞ্চলিক জমিয়াতুল মোদার্রেছীন নেতৃবৃন্দ। সংগঠনের যশোর আঞ্চলিক কমিটির এক জরুরী সভা আজ (মঙ্গলবার) যশোর ঘোপ নওয়াপাড়া রোডের জমিয়াতুল মোদার্রেছীন কার্যালয়ে বৈঠক অনুষ্ঠিত হবে। সভায় জোরদার আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হবে বলে সংগঠনের জেলা সভাপতি মাওলানা নূরুল ইসলাম জানান। আগামী ১৬ জুলাই শুক্রবার যশোর দড়াটানায় জেলা ইসলামী শাসনতন্ত্র আন্দোলন বিক্ষোভ সমাবেশ করবে। জেলা ইঃ শা'র সেক্রেটারী মাওলানা আব্দুল ওয়াহিদ বলেছেন, সরকার ষড়যন্ত্র বন্ধ না করলে জঙ্গী আন্দোলন গড়ে তোলা হবে।

সিলেট অফিস জানায়, দেশের কয়েক হাজার মাদ্রাসার এমপিওভুক্তি বাতিল ও স্বীকৃতি প্রত্যাহারের সিদ্ধান্ত বাতিলের দাবীতে তানজিমুল মাদারিস বাংলাদেশ সিলেট বিভাগের উদ্যোগে গত রবিবার এক সভা অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি ও গাছবাড়ী আলিয়া মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা আব্দুল রহীমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সিলেট অঞ্চলের শতাধিক মাদ্রাসা প্রধান উপস্থিত ছিলেন। সভায় অবিলম্বে বিভিন্ন মাদ্রসার ওপর আরোপিত সিদ্ধান্ত প্রত্যাহারের জন্য সরকারের কাছে দাবী জানানো হয়। অন্যথায় উদ্ভূত যে কোন পরিস্থিতির দায়দায়িত্ব সরকারকে গ্রহণ করতে হবে বলে সভায় হুঁশিয়ারি উচ্চারণ করা হয়। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সেক্রেটারী মাওলানা আতিকুর রহমান, বিয়ানীবাজার থানার রহমতাবাদ মাদ্রাসার সুপার মাওলানা আব্দুল মতিন, রাজনগর ডিএস মাদ্রাসার প্রিন্সিপাল আব্দুর রাজ্জাক, বৈরাগী বাজার মাদ্রাসার প্রিন্সিপাল আব্দুল লতিফ ও তানজিমুল মাদ্রাসা অফিস সেক্রেটারী খলিলুর রহমান। সভাশেষে একই দাবীতে সিলেটের বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের কাছে পৃথক পৃথক স্মারকলিপি প্রদান করা হয়।

বাংলাদেশ ইসলামী ছাত্র পরিষদের বরিশাল সাগরদী আলিয়া মাদ্রাসা শাখার সভাপতি মোঃ সিরাজুম মুনির সাধারণ সম্পাদক মোঃ জাহিদুল ইসলাম ও সাংগঠনিক সম্পাদক মোঃ আবুল কালাম এক বিবৃতিতে বলেন, বাংলার জনগণ এ সরকারের প্রতি অনেক কিছু আশা করেছিল, যেহেতু তারা সুদীর্ঘ ২১ বছর পর ক্ষমতার মসনদে বসেছে। কিন্তু ভাগ্যের নির্মম পরিহাস তারা অতীতের কথাবার্তা ও প্রতিশ্রুতি ভুলে গিয়ে মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে চক্রান্ত শুরু করেছে। একের পর এক অজুহাত তুলে মাদ্রাসা শিক্ষাকে চিরতরে নির্মূল করার জন্য মেতে উঠেছে। তার প্রমাণ ইতোমধ্যেই 'দেশের বিভিন্ন স্থানে অন্তত তিনশ' মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার ও এমপিওভুক্তি বাতিল করা হয়েছে।

বাংলাদেশ জাতীয়তাবাদী চিকিৎসক দলের প্রতিষ্ঠাতা সভাপতি ডাঃ হাকীম মোহাম্মদ মুসলিম ও ধর্মবিষয়ক সম্পাদক হাকীম হাফেজ মাহবুব হাসান এক যুক্ত বিবৃতিতে বর্তমান সরকার কর্তৃক মুসলিম প্রধান এই দেশের বিভিন্ন মাদ্রসার স্বীকৃতি প্রত্যাহার, এমপিওভুক্তি বাতিল এবং শিক্ষক-কর্মচারীদের বেতন বন্ধের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, সরকার ধর্মীয় প্রতারণার মাধ্যমে ক্ষমতায় অধিষ্ঠিত হয়ে একের পর এক ইসলামী মূল্যবোধে আঘাত হানাসহ বর্তমান দেশ থেকে মাদ্রাসা তথা ইসলামী শিক্ষার মূল উৎপাটনের সুগভীর ষড়যন্ত্রে লিপ্ত।